

দ্রষ্টব্য: ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে লক্ষ করো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো সাতটি প্রশ্নের উত্তর দিতে হবে।।

১. সুমনদের বাড়ি নদী তীরবর্তী এলাকায় হওয়ায় প্রায় প্রতি বছরই তাদের বাড়ি পানিতে তলিয়ে যায় এছাড়া ক্ষতির সম্মুখীন হয় এলাকার ঘরবাড়ি, রাস্তাঘাট, শস্য ও অন্যান্য সম্পত্তি।

- ক. বাংলাদেশের কয়টি নদীর উৎসস্থল ভারতে। ১
- খ. বিপর্যয় কিভাবে দুর্যোগ সৃষ্টি করতে পারে? ২
- গ. সুমনদের এলাকায় উক্ত দুর্যোগ কি কারণে সংঘটিত হতে পারে? ব্যাখ্যা করো। ৩
- ঘ. দুর্যোগটি নিয়ন্ত্রণে কি ধরনের সহজ প্রকৌশলগত ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে বিশ্লেষণ কর। ৪


২. শিবলি গত বছর আন্তর্জাতিক বাণিজ্য মেলায় গিয়েছিল। সে জিপসামের তৈরি একটি শোপিস এবং তার ছোট বোনের জন্য লেখার স্নেট ও খেলার জন্য মার্বেল কিনেছিল।

- ক. দোয়াব কাকে বলে? ১
- খ. রকি কোন ধরনের পর্বত বর্ণনা কর? ২
- গ. শিবলির ছোট বোনের জন্য কেনা জিনিসগুলোর গঠন প্রক্রিয়া ব্যাখ্যা করো। ৩
- ঘ. কেনা শোপিসটি যে শ্রেণির শিলা দ্বারা গঠিত তার অর্থনৈতিক গুরুত্ব বিশ্লেষণ কর। ৪

৩. মিমি টেলিভিশনের খবর থেকে জানতে পারল, রোহিঙ্গারা সাজু নদী পথে বাংলাদেশ-মিয়ানমার সীমান্ত দিয়ে অনুপ্রবেশ করছে। সে তার ভূগোল বই থেকে জেনেছে বাংলাদেশের সাথে সীমান্ত আছে ভারত ও মিয়ানমারের।

- ক. মহীসোপান কী? ১
- খ. গ্রীষ্মকালে কালবৈশাখী ঝড় হয় কেন? ২
- গ. রোহিঙ্গারা যে নদীপথ দিয়ে বাংলাদেশে অনুপ্রবেশ করছে তার গতিপথ নির্ণয় কর। ৩

ঘ. মিমি তার ভূগোল বই থেকে বাংলাদেশের সীমান্ত সম্পর্কে যা জেনেছে তা বিশ্লেষণ করো। ৪



ক. মাছের অতি প্রিয় খাদ্য কী? ১

খ. সমুদ্রস্রোত বলতে কি বুঝ? ২

গ. উষ্ণ ও শীতল স্রোত কীভাবে 'ক'-এর ক্ষেত্রে অবদান রাখে ব্যাখ্যা কর। ৩

ঘ. মহাসাগরে 'খ' এর গুরুত্ব আলোচনা কর। ৪

৫. ইমনের ভাই ফাহমি সূর্যের অবস্থান দেখে সময় নির্ণয় করতে পারে। ইমন এটি শিখার জন্য খুবই আগ্রহী হলো। তাই ফাহমি তাকে ভূগোলের অক্ষরেখা ও দ্রাঘিমা রেখা দেখিয়ে সময় সম্পর্কে ধারণা দিল।

ক. বাংলাদেশের প্রতিপাদ স্থানের নাম কী? ১

খ. ১৮০° দ্রাঘিমা রেখাকে আন্তর্জাতিক তারিখ রেখা বলা হয় কেন? ২

গ. ফাহমি কিভাবে সূর্যের অবস্থান দেখে সময় নির্ণয় করতে পারে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত কোন রেখাটি নিরক্ষরেখার সমান্তরাল— বিশ্লেষণ কর। ৪

৬. মজনু মিয়া গ্রামের একজন অশিক্ষিত গরিব কৃষক। তিনি বর্গাচাষে অধিক ফসল ফলানোর জন্য মাত্রাতিরিক্ত সার প্রয়োগ করেন। ফলে জমির উর্বরা শক্তি হ্রাস পায়। আশানুরূপ ফসল না পাওয়ায় মজনু মিয়া এ পেশা ত্যাগ করে দিনাজপুরের বড় পুকুরিয়ার কয়লা খনিতে শ্রমিকের কাজ নেন।

ক. 'পৃথিবী ও এর অধিবাসীদের বর্ণনাই হলো ভূগোল' সংজ্ঞাটি কোন ভূগোলবিদের? ১


খ. জীব উপাদান বলতে কী বোঝায়? ২

গ. ভূগোলের কোন উপশাখা সম্পর্কে জ্ঞান থাকলে মজনু মিয়া আশানুরূপ ফল পেত-ব্যাখ্যা কর। ৩

ঘ. মজনু মিয়ার কাজগুলো ভূগোলের কোন উপশাখার বিষয়বস্তু -আলোচনা কর। ৪

৭. রোহানদের এলাকায় একটি খাদ্যশস্য প্রচুর পরিমাণে উৎপাদিত হয় যার জন্য ১০০-২০০ সে.মি. বৃষ্টিপাত প্রয়োজন। সুমিতদের বাড়ি উত্তরাঞ্চলে। সেখানে যে খাদ্যশস্যটি উৎপাদিত হয় তার জন্য ৫০ থেকে ৭৫ সে.মি. বৃষ্টিপাত প্রয়োজন হয়।

- ক. বাংলাদেশের শ্রমশক্তির মোট কত শতাংশ কৃষিখাতে নিয়োজিত। ১
- খ. একটি দেশের উন্নয়নে কি ধরনের কৃষি ব্যবস্থা প্রয়োজনীয়? ২
- গ. রোহানদের এলাকায় উৎপাদিত কৃষিপণ্যের জন্য কি ধরনের পরিবেশ প্রয়োজন ব্যাখ্যা কর। ৩
- ঘ. সুমিতদের এলাকায় উৎপাদিত পণ্যটির সার্বিক অবস্থা তুলে ধর। ৪
৮. রিফাত বাংলাদেশসহ পৃথিবীর কয়েকটি দেশের বিভিন্ন শিল্প প্রতিষ্ঠান ঘুরে একটি বিষয় উপলব্ধি করতে পারল যে, শিল্প গড়ে ওঠার পেছনে দুটি নিয়ামক গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।
১. প্রাকৃতিক নিয়ামক
২. অর্থনৈতিক নিয়ামক
- ক. পশু পালন কোন পর্যায়ের অর্থনৈতিক কর্মকাণ্ড? ১
- খ. উন্নত বিশ্বের জীবনযাত্রার মান ও মাথাপিছু আয় অনুন্নত ও উন্নয়নশীল দেশের তুলনায় বেশি কেন? ব্যাখ্যা করো। ২
- গ. শিল্প গড়ে ওঠার পেছনে উদ্দীপকে বর্ণিত ১ম নিয়ামকসমূহের ভূমিকা ব্যাখ্যা কর। ৩
- ঘ. শিল্প গড়ে ওঠার পেছনে ২নং নিয়ামকের ভূমিকা বিশ্লেষণ কর। ৪
৯. নিচের চিত্রটি লক্ষ করো এবং প্রশ্নগুলোর উত্তর দাও।



- ক. খামসিন কী? ১
- খ. ফেরেলের সূত্রটি লেখ। ২
- গ. মানচিত্রে 'EFGH' স্থানে বিরাজমান বায়ুপ্রবাহ ব্যাখ্যা কর। ৩
- ঘ. 'IJKL' এবং 'PQRS' স্থানের বায়ুর বেগ কি একই রকম? তোমার মতামত বিশ্লেষণ কর। ৪
১০. প্রাকৃতিক মানচিত্র দিয়ে জামান সাহেব তার বন্ধু করিম সাহেবের সাথে আলোচনা করছিলেন। তারা মূলত নিজেদের ঘরবাড়ি পরিমাপ করতে একত্র হয়েছিলেন। জামান সাহেব তার কৃষিক্ষেত্রে পরিমাপের জন্য একটি মানচিত্র এঁকেছিলেন যা করিম সাহেবকে দেখালে তিনি মন্তব্য করেন, আমাদের প্রাত্যহিক জীবনে মানচিত্রের ব্যবহার অতীব গুরুত্বপূর্ণ।
- ক. রাজনৈতিক মানচিত্রে কী দেখানো থাকে? ১
- খ. দেয়াল মানচিত্র বলতে কী বোঝায়? ২
- গ. জামান সাহেব ও করিম সাহেব মানচিত্রের যে প্রকারভেদটি আলোচনা করেছিলেন তার একটি নমুনা প্রদর্শন কর। ৩
- ঘ. করিম সাহেবের মন্তব্যটি যুক্তিসহ বিশ্লেষণ কর। ৪
১১. শ্রেণিকক্ষে পাঠদানকালে শিক্ষক বললেন বসতির গঠনের সাথে কখনো কখনো জ্যামিতিক বিষয়ের সম্পর্ক পাওয়া যায়। কিছু কিছু বসতি সরলরেখায় গড়ে উঠে। বিশেষ প্রাকৃতিক অবস্থান এই ধরনের বসতি স্থাপনে সহায়ক। বাংলাদেশের বিভিন্ন অঞ্চলে এই ধরনের বসতি দেখা যায়।
- ক. পৌর বসতি কাকে বলে? ১
- খ. বিক্ষিপ্ত বসতি কোথায় দেখা যায়? ২
- গ. শিক্ষক যে জ্যামিতিক বসতির কথা বলছিল বাংলাদেশে ঐ বসতির উপস্থিতি নির্ণয় কর। ৩
- ঘ. উদ্দীপকে যে বসতির কথা বলা হচ্ছে তা গড়ে ওঠার কারণ বিশ্লেষণ করো। ৪

বিশেষ দ্রষ্টব্য: সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে

সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।।

১. “পৃথিবী ও এর অধিবাসীদের বর্ণনাই হলো ভূগোল” উক্তিটি কার?
 - ক) কার্ল রিটার
 - খ) রিচার্ড হার্টশোন
 - গ) অ্যাকারমেন
 - ঘ) ডাডলি স্ট্যাম্প
২. প্রাথমিকভাবে ভূগোল কত প্রকার?
 - ক) ২
 - খ) ৩
 - গ) ৪
 - ঘ) ৫
৩. কোনটি কৃষ্ণ বামনের মহাকর্ষ বল বেশি হওয়ার কারণ?
 - ক) ঘনত্ব কম
 - খ) ঘনত্ব বেশি
 - গ) চৌম্বকত্ব বেশি
 - ঘ) মাধ্যাকর্ষণ শক্তি বেশি
৪. কোন গ্রহের উপরিভাগ থেকে সূর্যকে কখনই দেখা যায় না?
 - ক) বুধ
 - খ) শনি
 - গ) শুক্র
 - ঘ) বৃহস্পতি
৫. কোনটি সৌরজগতের দ্বিতীয় বৃহত্তম গ্রহ?
 - ক) বৃহস্পতি
 - খ) শুক্র
 - গ) পৃথিবী
 - ঘ) শনি
৬. 80° পূর্ব দ্রাঘিমায় অবস্থিত স্থানের প্রতিপাদ স্থানের দ্রাঘিমা কত ডিগ্রি?
 - ক) 180° পশ্চিম
 - খ) 120° পূর্ব
 - গ) 150° পশ্চিম
 - ঘ) 165° পশ্চিম
৭. কোনটি আগ্নেয় শিলা?
 - ক) বেলেপাথর
 - খ) ব্যাসল্ট
 - গ) ডোলোমাইট
 - ঘ) মার্বেল
৮. ভূমিকম্পের উৎপত্তিস্থলকে কী বলে?
 - ক) উপকেন্দ্র
 - খ) ভূ-তরঙ্গ
 - গ) কেন্দ্র
 - ঘ) আগ্নেয়গিরি
৯. লবণ পর্বত কোথায়?
 - ক) শ্রীলংকা
 - খ) ভারত
 - গ) যুক্তরাষ্ট্র
 - ঘ) পাকিস্তান
১০. বলিভিয়া কোন ধরনের মালভূমি?
 - ক) পর্বতমধ্যবর্তী
 - খ) মহাদেশীয়
 - গ) ক্ষয়জাত
 - ঘ) পাদদেশীয়
১১. বায়ুর জলীয়বাষ্প ধারণ করাকে কী বলে?
 - ক) সম্পৃক্ত বায়ু
 - খ) বায়ুর আর্দ্রতা
 - গ) শিশিরাংক
 - ঘ) ঘনীভবন
১২. জলীয় বাষ্প মেঘালয় পাহাড়ে বাধা পাওয়ায় কোন এলাকায় প্রচুর শৈলোৎক্ষেপ বৃষ্টি হয়?
 - ক) মিহাচল
 - খ) কুমিল্লা
 - গ) সিলেট
 - ঘ) আসাম
১৩. পৃথিবীর সর্বোচ্চ গভীর খাতের গভীরতা কত মিটার?
 - ক) ৮৫৮৩
 - খ) ৮৫৩৮
 - গ) ১০৭৮০
 - ঘ) ১০৮৭০
১৪. কোন স্রোতটি শীতল?
 - ক) লাব্রাডার
 - খ) উপসাগরীয়
 - গ) জাপান
 - ঘ) ব্রাজিল
১৫. আতাকামা মরুভূমি কোথায় অবস্থিত?
 - ক) উত্তর আমেরিকা
 - খ) দক্ষিণ আমেরিকা
 - গ) কানাডা
 - ঘ) নরওয়ে
১৬. পৃথিবীর শ্রেষ্ঠ মৎস্য আহরণ ক্ষেত্র কোনটি?
 - ক) সাগর
 - খ) মহাসাগর
 - গ) মগচড়া অঞ্চল
 - ঘ) হিমশৈল

১৭. বায়ু সর্বদা একস্থান থেকে অন্য স্থানে প্রবাহিত হয়-

- i. তাপের তারতম্যে
 - ii. গতির পার্থক্যে
 - iii. চাপের পার্থক্যে
- নিচের কোনটি সঠিক?

- ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii

১৮. ভূমির অনুপাতে বাংলাদেশের জনসংখ্যার ঘনত্ব কেমন?

- ক) অতি জনকীর্ণ খ) কাম্য
গ) জনস্বল্পতা ঘ) অতি জনস্বল্পতা

মনপুরা গ্রামের মাহিন পৃথিবীর বৃহত্তম পর্বতমালা দেখতে গিয়ে লক্ষ করলেন সেখানকার বসতিগুলো তার এলাকার বসতি থেকে ভিন্ন।

১৯. মাহিনের দেখা বসতিগুলো কোন ধরনের?

- ক) সংঘবন্ধ খ) বিক্ষিপ্ত
গ) রৈখিক ঘ) নগর

২০. উক্ত বসতি গড়ে ওঠার কারণ-

- i. জলাভার
 - ii. উর্বর মাটি
 - iii. বন্ধুর ভূমিরূপ
- নিচের কোনটি সঠিক?

- ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii

২১. সাধারণত গ্রামে কোনটি দেখা যায় না?

- ক) কৃষি খ) মৎস্য
গ) পশু ঘ) পোশাক শিল্প

২২. কোনটি নবায়নযোগ্য সম্পদের উদাহরণ?

- ক) জলবিদ্যুৎ খ) কয়লা
গ) প্রাকৃতিক গ্যাস ঘ) জ্বালানি কাঠ

২৩. কোনটি তৃতীয় পর্যায়ের অর্থনৈতিক

কর্মকাণ্ডের অন্তর্ভুক্ত?

- ক) কাঠ চেরাই
খ) বাণিজ্য
গ) খনিজ উত্তোলন
ঘ) কৃষি

২৪. অনবায়নযোগ্য সম্পদ কোনটি?

- ক) পানি খ) সূর্যালোক
গ) তেল ঘ) বায়ু

২৫. সূর্যকিরণ সম্পদ নয় কেন?

- ক) উপযোগ নেই
খ) যোগান সীমিত
গ) বিনিময় মূল্য আছে
ঘ) বিনিময় মূল্য নেই

২৬. কোন শহরটি ককটক্রান্তি রেখার নিকটবর্তী?

- ক) কুমিল্লা খ) কুষ্টিয়া
গ) গোপালগঞ্জ ঘ) সিলেট

২৭. পৃথিবীর বৃহৎ বদ্বীপের নাম কী?

- ক) আন্দামান
খ) বাংলাদেশ
গ) জাভা
ঘ) মালদ্বীপ

২৮. ধলেশ্বরীর শাখানদী কোনটি?

- ক) তিস্তা খ) হালদা
গ) বুড়িগাঙ্গা ঘ) আত্রাই

২৯. পদ্মা নদী কোথায় মেঘনার সাথে মিলিত হয়েছে?

- ক) ভাগ্যকুল খ) দৌলতদিয়া
গ) গোয়ালন্দ ঘ) চাঁদপুর

৩০. কোনটি খাদ্যাশস্য?

- ক) ধান খ) চা
গ) আখ ঘ) পাট

১	ঘ	২	ক	৩	খ	৪	গ	৫	ঘ	৬	ক	৭	খ	৮	গ	৯	ঘ	১০	ক	১১	খ	১২	গ	১৩	ঘ	১৪	ক	১৫	খ
১৬	গ	১৭	ঘ	১৮	ক	১৯	খ	২০	গ	২১	ঘ	২২	ক	২৩	খ	২৪	গ	২৫	ঘ	২৬	খ	২৭	খ	২৮	গ	২৯	ঘ	৩০	ক